**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার 20 বিলিয়ন ডলারেরও বেশি মূলধনী বিনিয়োগ বৃদ্ধি করেছে এবং 8,300টিরও বেশি কর্মসংস্থানে সহায়তা করেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***NYPA বোর্ড অব ট্রাস্টিজ ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 550 মিলিয়ন ডলার ব্যয়ে কার্যক্রম সম্প্রসারণ করার মাধ্যমে নায়াগ্রা টাউনে 1,000 কর্মসংস্থান তৈরি করার কাজে সহায়তা করতে অ্যামাজনকে নিম্ন-খরচের জলবিদ্যুৎ প্রদান করছে***

***এছাড়াও বোর্ডটি সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনকে অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার প্রদান করেছে, যা আপস্টেট নিউ ইয়র্কের উচ্চতর প্রস্তুতকরণ ও সেমিকন্ডাক্টর করিডরকে শক্তিশালী করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) বোর্ড অব ট্রাস্টিজ 22টি ফার্মকে অর্থনৈতিক উন্নয়ন অনুদান প্রদানের অনুমোদন দিয়েছে, যা 20 বিলিয়ন ডলারেরও বেশি মূলধনী বিনিয়োগ ত্বরান্বিত করবে এবং 8,336টি কর্মসংস্থানের জন্য সহায়তা করবে, যার মধ্যে 3,930টি নতুন কর্মসংস্থান তৈরি হবে। অনুমোদিত বিষয়গুলোর মধ্যে রয়েছে বিশ্বের সর্ববৃহৎ অনলাইন খুচরা বিক্রেতা অ্যামাজনকে (Amazon) নায়াগ্রা জলবিদ্যুৎ বরাদ্দকরণ, এবং যুক্তরাষ্ট্র ভিত্তিক মেমোরি ও স্টোরেজ প্রস্তুতকারক এবং বিশ্বের চতুর্থ বৃহত্তম সেমিকন্ডাক্টর উৎপাদক, মাইক্রনকে (Micron) রিচার্জ NY (ReCharge NY) বিদ্যুৎ বরাদ্দকরণ। এছাড়াও NYPA বোর্ড পাওয়ার অথরিটির ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক ডেভেলপমেন্ট (Industrial Economic Development) কর্মসূচির আওতায় সাদার্ন টিয়ারে শেনাঙ্গো কাউন্টিতে গ্রিন ভিলেজকে নিম্ন-খরচের জলবিদ্যুৎ বরাদ্দকরণ অনুমোদন করেছে। অবশিষ্ট আবেদনকারীদেরকে স্টেটব্যাপী রিচার্জ NY [কর্মসূচির](#) মাধ্যমে নিম্ন-খরচের বিদ্যুৎ বরাদ্দ করা হয়েছে।আজকের রিচার্জ NY বিদ্যুৎ বরাদ্দকরণের একটি সম্পূর্ণ তালিকা [এখানে](#) পাওয়া যাবে।

"অ্যামাজন, মাইক্রন এবং স্টেটজুড়ে অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠানকে প্রদান করা এসব রূপান্তরমূলক অর্থনৈতিক উন্নয়ন অনুদান হাজার হাজার কর্মসংস্থান তৈরি করবে এবং কয়েক বিলিয়ন ডলারের অর্থনৈতিক ক্রিয়াকলাপ ত্বরান্বিত করবে," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক দেশের সবচেয়ে ব্যবসাবান্ধব ও কর্মীবান্ধব স্টেট হিসেবে নিজের ঐতিহ্য অব্যাহত রেখেছে, এবং একইসাথে আমাদের দেশের নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডার আগ্রাসী লক্ষ্য - একটি

অধিকতর সবুজ, আরো বেশি সমৃদ্ধ এম্পায়ার স্টেট গড়ে তোলা - অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে।"

আজকের বৈঠকে, NYPA বোর্ড নায়াগ্রা টাউনে অ্যামাজনের 550 মিলিয়ন ডলারের ই-কমার্স স্টোরেজ এন্ড ডিস্ট্রিবিউশন সেন্টার নির্মাণের কাজে সহায়তা করতে ফার্মটিকে প্রায় 10.7 মেগাওয়াট (MW) নিম্ন-খরচের নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্পের জলবিদ্যুৎ বরাদ্দকরণ অনুমোদন করেছে, যে সেন্টারটি অনলাইন গ্রাহকদের অর্ডার গ্রহণ, সংরক্ষণ, প্যাকেজ করা ও পূরণ করার কাজ করবে। এই প্রকল্পের ফলে কয়েক শতাধিক নতুন নির্মাণকাজ সংক্রান্ত কর্মসংস্থানের পাশাপাশি এই ফ্যাসিলিটিতে 1,000টি নতুন, স্থায়ী, পূর্ণকালীন কর্মসংস্থান তৈরি হবে। পাওয়ার অথরিটির নায়াগ্রা পাওয়ার প্রোজেক্ট 30-মাইলের ব্যাসার্ধের মধ্যে থাকা কোম্পানিগুলির জন্য অথবা চৌটাওকা কাউন্টিতে ব্যবসাগুলির জন্য স্বল্প-মূল্যের নায়াগ্রা হাইড্রোপাওয়ার উপলব্ধ। নায়াগ্রা হাইড্রোপাওয়ার এই অঞ্চলের হাজার হাজার কর্মসংস্থানের সাথে জড়িত।

এছাড়াও NYPA বোর্ড এটির রিচার্জ NY কর্মসূচির আওতায় মাইক্রনকে 140-MW নিম্ন-খরচের বিদ্যুত বরাদ্দকরণ সহ 150 MW-এরও বেশি নিম্ন-খরচের বিদ্যুৎ বরাদ্দ করেছে। সেইসাথে, NYPA বোর্ড 404 মেগাওয়াট উচ্চ লোড ফ্যাক্টর বিদ্যুতের অনুমোদন দিয়েছে যা মাইক্রনের জন্য NYPA জ্বালানি বাজার থেকে সংগ্রহ করবে।

গভর্নর হোকল সর্বপ্রথম 2022 সালের অক্টোবর মাসে ওনোনডেগা কাউন্টিতে একটি নতুন মেগাফ্যাব নির্মাণের জন্য মাইক্রনের সিদ্ধান্তের কথা ঘোষণা করেছিলেন। 2022 সালের অগাস্ট মাসে, গভর্নর হোকল দেশের প্রথম গ্রিন চিপস আইনে স্বাক্ষর করেন যেটির লক্ষ্য ছিল কর্মসংস্থান তৈরি করা, অর্থনৈতিক প্রবৃদ্ধি এগিয়ে নেওয়া এবং গুরুত্বপূর্ণ পরিবেশগত সুরক্ষা বজায় রাখার পাশাপাশি নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর উৎপাদনের একটি হাবে পরিণত করা।

অবশিষ্ট নিম্ন-খরচের বিদ্যুৎ ক্যাপিটাল ডিস্ট্রিক্ট, ফিঙ্গার লেকস, সাদার্ন টিয়ার, নর্থ কান্ট্রি, নিউ ইয়র্ক সিটি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, হাডসন ভ্যালি এবং লং আইল্যান্ডের কোম্পানিগুলোকে বরাদ্দ করা হবে।

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির চেয়ারম্যান এবং বাফেলোর বাসিন্দা, জন আর. কোয়েলমেল বলেন,** "নায়াগ্রা জলবিদ্যুতের ঐতিহ্য ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সজীবতার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। নায়াগ্রা ফলসে অ্যামাজনের বিনিয়োগ সেই ঐতিহ্যের সঙ্গে যোগ হতে যাচ্ছে, যা 1,000টিরও বেশি কর্মসংস্থান তৈরি করবে এবং অর্ধ বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগের মাধ্যমে আঞ্চলিক অর্থনীতির সমৃদ্ধিকে ত্বরান্বিত করবে।"

**নিউ ইউর্ক পাওয়ার অথরিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন**, "মাইক্রনের ঐতিহাসিক বিনিয়োগ সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ খাতে বিশ্বব্যাপী নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থানকে সুদৃঢ় করছে। নির্মল, নবায়নযোগ্য জলবিদ্যুৎ কাজে লাগানোর মাধ্যমে, পাওয়ার অথরিটি আগামী দিনের শিল্পগুলোকে আমাদের স্টেটে আকৃষ্ট করছে, রূপান্তরমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করছে যা নিউ ইয়র্কবাসীদের ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি স্থায়ী প্রভাব ফেলবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "NYPA-এর অনুমোদন করা এসব অনুদান কর্মসংস্থান তৈরি ও বিনিয়োগ বৃদ্ধি করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করবে। মাইক্রনকে এবং অন্যান্য রূপান্তরমূলক প্রকল্পে সহায়তা করার মাধ্যমে, আমরা সব নিউ ইয়র্কবাসীর জন্য সমৃদ্ধি ও সুযোগ-সুবিধা পুনরায় জোরদার করে তুলছি।"

এছাড়াও NYPA বোর্ড অব ট্রাস্টিজ আজ পাওয়ার অথরিটির ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক ডেভেলপমেন্ট কর্মসূচির আওতায় নিউ ইয়র্কের সাদার্ন টিয়ার অঞ্চলের শেনাঙ্গো কাউন্টিতে গ্রিন ভিলেজকে 250 কিলোওয়াট নিম্ন-খরচের জলবিদ্যুৎ বরাদ্দকরণ অনুমোদন করেছে।

উদ্ভিদভিত্তিক অর্গানিক কোনোনাট ইওগার্ট উৎপাদন করার বিশেষত্বের অধিকারী নিউ ইয়র্ক ভিত্তিক একটি খাবারের কোম্পানি, কোকোজুন (Cocojune), গ্রিন ভিলেজে একটি নতুন ফ্যাসিলিটি নির্মাণ করবে এবং এটিকে ইওগার্ট-ফিলিং মেশিনারি ও প্যাকেজিং ইক্যুইপমেন্ট দিয়ে সজ্জিত করবে। আজকের বোর্ড সভায় অনুমোদিত হওয়া জলবিদ্যুৎ বরাদ্দকরণ কোকোজুনের সম্প্রসারণে সহায়তা করবে, যা আনুমানিক 700,000 ডলারের মূলধনী বিনিয়োগ বৃদ্ধি করবে এবং এই অঞ্চলে 24টি কর্মসংস্থান তৈরি করবে।

ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক ডেভেলপমেন্ট কর্মসূচির আওতায় নিউ ইয়র্ক স্টেটজুড়ে 51টি মিউনিসিপ্যাল ও গ্রামীণ ইলেক্ট্রিক কোঅপারেটিভকে বরাদ্দ করা 768 মেগাওয়াটেরও বেশি জলবিদ্যুতের মধ্যে 54 মেগাওয়াট অন্তর্ভুক্ত রয়েছে। এই কর্মসূচির অধীন বিদ্যুৎ স্বতন্ত্র মিউনিসিপ্যাল ব্যবস্থাকে তাদের পরিষেবা এলাকায় নতুন বা সম্প্রসারণকৃত উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানের কারণে বর্ধিত বিদ্যুতের লোডের চাহিদা পূরণের জন্য বরাদ্দ করা হবে।

**নিউ ইয়র্কের ক্রমবর্ধমান সেমিকন্ডাক্টর শিল্প**

নিউ ইয়র্কের ওনোনডাগা কাউন্টিতে অবস্থিত ক্লে-তে বিশ্বের সর্ববৃহৎ মেমরি ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি নির্মাণের জন্য 100 বিলিয়ন ডলার বিনিয়োগ করা সম্পর্কে মাইক্রনের ঐতিহাসিক ঘোষণার পরে কিছু দিনের মধ্যে 2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে গভর্নর হোকল GO SEMI-এর জন্যেও 45 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করার ঘোষণা দিয়েছেন। বিনিয়োগটি সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে আনুমানিক 50,000টি প্রজন টি চাকরি আনবে এবং এটি সম্ভব হয়েছে ফেডারেল CHIPS এবং বিজ্ঞান আইন ও 2022 সালে গভর্নরের স্বাক্ষর করা নিউ ইয়র্কের গ্রিন CHIPS বিধিমালার কারণে। নতুন অফিসের নেতৃত্ব দিবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং এখানে কাজ করবে স্টেট বিভাগ (Department of State), নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA), শ্রম বিভাগ (Department of Labor, DOL), পরিবহন বিভাগ (Department of Transportation, DOT), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC), NY CREATES, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, হোমস এবং কমিউনিটি রিনিউয়াল অফিস (Office of Homes and Community Renewal, HCR) এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) বিশেষজ্ঞরা। GO SEMI মাইক্রন প্রকল্প বাস্তবায়নের প্রয়াসের নেতৃত্ব দিবে এবং এটিকে কেন্দ্রীভূত করবে; সেমিকন্ডাক্টর

শিল্পখাত ও এর সরবরাহ চেইনকে আকৃষ্ট করতে পলিসি অগ্রসর করবে; কর্মীবাহিনীর বিকাশ এবং সম্প্রদায়ে বিনিয়োগের ক্ষেত্রে স্থানীয়, স্টেট, ফেডারেল ও বেসরকারি অংশীদারদের মধ্যে সমন্বয় করবে; প্রয়োজনীয় উচ্চ দক্ষতার কর্মীবাহিনী তৈরি, আকৃষ্ট ও ধরে রাখার প্রচেষ্টার নেতৃত্ব দিবে; এবং স্মার্ট প্রবৃদ্ধি পলিসির লক্ষ্যে সমন্বিত বিকাশ সমর্থন করবে।

**নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা**

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

**NYPA সম্পর্কে**

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov এবং আমাদেরকে অনুসরণ করুন Twitter, Facebook, Instagram, Tumblr ও LinkedIn-এ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন